যুগান্তর

তারিখ ........ পৃষ্ঠা ৩ ..... কলাম ......

# পরাক্ষার ফল বিপর্যয় রোধে শিক্ষক সমিতির ১০ দফা প্রস্তাব

যুগান্তর রিপোর্ট

চলতি বছরের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ফল বিপর্যয় রোধে বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশন দশ দফা প্রস্তাব দিয়েছে।

গতকাল জাতীয় প্রেসক্লাবে আয়োজিত এক

পরীক্ষা : পৃষ্ঠা : ২ কলাম : ৭

## পরীক্ষা : প্রস্তাব

(৩য় পৃষ্ঠার পর)

সাংবাদিক সম্মেলনে ফেডারেশনের নেতৃবৃন্দ এ প্রস্তাব দিয়েছেন। প্রস্তাবগুলো হল– শিক্ষকদের নির্ধারিত সময়ের মধ্যে সিলেবাসের পাঠদান সম্পন্ন করা, ছাত্রছাত্রীদের ক্লাসে উপস্থিতি ন্যূনতম ৭৫ ভাগ নিশ্চিত করা, শিক্ষকদের অব্যাহতভাবে বিষয়ভিত্তিক প্রশিক্ষণ দেয়া, শিক্ষার্থীর মাধ্যমে শিক্ষকদের শ্রেণীকক্ষে পাঠদানের দক্ষতা পদ্ধতি প্রবর্তন করা, শিক্ষার্থীর অগ্রগতির নিয়মিত রিপোর্ট অভিভাবকদের প্রদান করা, প্রত্যেক শিক্ষার্থীকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করা, অবসরপ্রাপ্ত প্রথিতযশা শিক্ষকদের সমন্বয়ে শিক্ষা প্রতিষ্ঠানে একাডেমিক পরিদর্শনের নীতিমালা প্রণয়ন করা, ম্যানেজিং কমিটিতে রাজনৈতিক ব্যক্তিদের অন্তর্ভুক্ত বন্ধ করা, মডেল হিসাবে বিবেচিত শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের আঞ্চলিক পর্যায়ে এলাকাভিত্তিক বিনিময় পদ্ধতি চালু করা এবং পরীক্ষা পদ্ধতি যুগোপযোগী সংস্কার করা ইত্যাদি।

নেতৃবৃন্দ বলেছেন, এসব প্রস্তাব বাস্তবায়িত হলে ফল বিপর্যয়ের বর্তমান হতাশাজনক চিত্র পুরোপুরি বদলে যাবে। সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন বাংলাদেশ শিক্ষক সমিতির চেয়ারম্যান শেখ আমানুল্লাহ, ফেডারেশনের জেনারেল সেক্রেটারি অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ, শিক্ষক সমিতির সভাপতি আজিজুল ইসলম, কলেজ শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যক্ষ আসাদুল হক প্রমুখ।